# ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

এনডিপি ভবন,বাগবাড়ি, শহীদনগর,কামারখন্দ,সিরাজগঞ্জ ।

## সুরক্ষা তহবিল-এর নীতিমালা

**১.১ ভূমিকা :**

দীর্ঘ প্রায় দুই যুগ ধরে ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)-এর ঋণ কর্মসূচিতে সম্পৃক্ত সদস্যদের আর্থিক উন্নয়নের লক্ষ্যে ঋণ সহায়তার মাধ্যমে কাজ করে যাচ্ছে। এনডিপি'র উপকারভোগী পর্যায়ের একটি বড় অংশ অতিদরিদ্র ও দরিদ্র পরিবারের সদস্য, এদের সম্পদ বলতে উল্লেখযোগ্য তেমন কিছুই নাই। এ ধরণের পরিবার ঋণ গ্রহনের পর পরিবারের সদস্যদের মৃত্যু, বিভিন্ন প্রকার দূর্ঘটনায় অনেক পরিবার মারাত্বকভাবে ক্ষতিগ্রস্থ হয়ে সংস্থা থেকে গ্রহনকৃত ঋণ পরিশোধের স্বক্ষমতা হারায়। এ ধরণের পরিবারকে ঋণের দায় থেকে মুক্ত করা এবং কোন কোন ক্ষেত্রে আর্থিক সহায়তা প্রদানের জন্য "সুরক্ষা তহবিল" কার্যক্রম চালু করার প্রয়োজনীয়তা অনুভব করে। তহবিলটি সময়োপযোগী ও ঋণী বান্ধব করার জন্য ২(দুই) টি খাতে বিভক্ত করে পরিচালনা করতে হবে। যথা- ১. সুরক্ষা তহবিল -সাধারণ, ২. সুরক্ষা তহবিল -গবাদিপ্রাণি ।

ঋণ গ্রহীতাদের এ কার্যক্রমে নিয়ম অনুযায়ী চাঁদা প্রদান এবং বিভিন্ন প্রকার সহায়তা প্রদানের নিশ্চয়তাকল্পে "সুরক্ষা তহবিল" নীতিমালা নামে এ নীতিমালাটি প্রণয়ন করা হয়েছে।

**১.২ সুরক্ষা তহবিল কার্যক্রমের লক্ষ্যিত জনগোষ্ঠী :**

১) সংস্থার ঋণ কার্যক্রমের সকল সদস্য "সুরক্ষা তহবিল" এর লক্ষ্যিত জনগোষ্ঠী।

**১.৩ সুরক্ষা তহবিল-এর বৈশিষ্ট্য :**

১) এনডিপি'র ঋণ সহায়তা কার্যক্রমের সকল সদস্য যেদিন হতে সদস্য পদ গ্রহন পূর্বক ঋণ গ্রহন করবেন, সেদিন হতে এ কর্মসূচির আওতায় আসবে।

২) বুনিয়াদ কর্মসূচি ছাড়া সকল কম্পোনেন্টের ক্ষেত্রে ঋণ গ্রহীতাদের প্রতি হাজার ঋণের বিপরিতে ১০.০০ (দশ) টাকা এবং বুনিয়াদ কর্মসূচিভুক্ত সদস্যদের জন্য ৮.০০ (আট) টাকা হারে প্রতিবার ঋণ গ্রহনের সময় সুরক্ষা তহবিলের চাঁদা প্রদান করতে হবে।

৩) ঋণ গ্রহন কালে সুরক্ষা তহবিলের চাঁদা গ্রহন করতে হবে। প্রদত্ত ঋণ হতে সুরক্ষা তহবিলের চাঁদা অর্থ কর্তন করা যাবে না।

৪) সকল কম্পোনেন্ট থেকে গবাদিপ্রাণি পালন (গরু হৃষ্টপুষ্টকরণ, গাভী পালন, মহিষ পালন, ছাগল পালন, ভেড়া পালন ইত্যাদি) খাতে বিতরণকৃত ঋণের বিপরিতে আদায়কৃত চাঁদা জমা হবে সুরক্ষা তহবিল -গবাদিপ্রাণি খাতে এবং অন্যান্য সকল খাতে বিতরণকৃত ঋণের বিপরিতে আদায়কৃত চাঁদা জমা হবে সুরক্ষা তহবিল -সাধারণ খাতে।

৫) গবাদিপ্রাণি পালনের জন্য ঋণ গ্রহন করলে অবশ্যই সেক্ষেত্রে গবাদিপ্রাণি ক্রয়ের রশিদ/হাসিল অফিস পর্যায়ে সংরক্ষণে থাকতে হবে। উল্লেখ্য যে, স্থানীয় ভাবে প্রাণি ক্রয় করলে স্থানীয়ভাবে ক্রয় সংক্রান্ত একটি ডকুমেন্টেশন প্রস্তত করে অফিস পর্যায়ে সংরক্ষণ করতে হবে। ঋণ গ্রহন করে গবাদিপ্রাণি ক্রয় না করলে সুরক্ষা তহবিল -গবাদিপ্রাণি থেকে সুবিধার আওতায় আসবে না ।

Md. Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)

সভাপতি
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

৬) গবাদিপ্রাণি পালন (গরু হৃষ্টপুষ্টকরণ, গাভী পালন, মাহিষ পালন, ছাগল পালন, ভেড়া পালন ইত্যাদি) এর জন্য কোন সদস্য ঋণ গ্রহন করে প্রাণি ক্রয় করলে এবং কোন কারনে ক্রয়কৃত প্রাণি মারা গেলে সে ক্ষেত্রে উক্ত ঋণের সম্পূর্ণ স্থিতি (প্রাপ্য সার্ভিস চার্জ সহ) সুরক্ষা তহবিল-গবাদিপ্রাণি খাত থেকে সুবিধা প্রদান করা যাবে,

৭) গবাদিপ্রাণি পালন ছাড়া সুরক্ষা তহবিলের অন্যান্য প্রদত্ত সুবিধা সুরক্ষা তহবিল- সাধারণ খাত থেকে প্রদান করতে হবে ।

৮) সদস্যের সকল প্রকার সঞ্চয় সুরক্ষা তহবিলের আওতামুক্ত থাকবে অর্থাৎ সদস্য/সদস্যের স্বামী মারা গেলে তার উত্তরাধিকারী/নমিনীকে সঞ্চয় ফেরত দেওয়া যাবে।

৯) সদস্যের স্বামী মারা যাওয়ার পর, সদস্য জীবিত থাকলে প্রদত্ত নীতিমালা অনুযায়ী সুরক্ষা তহবিলের সুবিধা প্রদানের পরেও তার সদস্য পদ বহাল রাখার জন্য উৎসাহিত করতে হবে এবং পুনরায় ঋণ সহায়তা প্রদান করে পরিবারটিকে আর্থিকভাবে স্বাবলম্বি করার চেষ্টা করতে হবে ।

১০) কোন প্রকার সুবিধা গ্রহন না করে সদস্য পদ প্রত্যাহার করলেও সুরক্ষা তহবিলের জমাকৃত অর্থ ফেরত যোগ্য নয়।

১১) সুরক্ষা তহবিল থেকে ঋণ সমন্বয় করতে হলে প্রযোজ্য ক্ষেত্রে রিবেট দেখাতে হবে।

১২) সুরক্ষা তহবিল সুবিধা গ্রহনের সময় অবশ্যই সংস্থা প্রদত্ত ফরমে ( সংযুক্তি-০১) আবেদন করতে হবে এবং মৃত্যু জনিত কারণে আবেদনের সাথে মৃত্যু সনদপত্র, জাতীয় সনদপত্র, প্রাণি মৃত্যু ক্ষেত্রে ক্রয়ের রশিদ, প্রযোজ্য ক্ষেত্রে গ্রুপের রেজুলেশন, স্থায়ী ভাবে দেশ ত্যাগ এবং অগ্নিদাহে বা নদী ভাঙ্গনে ক্ষতিগ্রস্থ সংক্রান্ত বিষয়ে স্থানীয় জন প্রতিনিধির সনদ পত্র ও অসুস্থ্যতা জনিত কারণে রেজিষ্টার ডাক্তারের সনদ পত্রসহ অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র সংযোজনী হিসেবে দিতে হবে।

১৩) এনডিপি কর্তৃপক্ষ প্রয়োজনে চাঁদার পরিমাণ পরিবর্তন করতে পারবে।

## ১.৪ সুরক্ষা তহবিল- সাধারণ সুবিধা সমূহ :

১) ঋণ গ্রহীতা অথবা তার স্বামীর মৃত্যুতে ঋণ গ্রহীতার নিকট প্রাপ্য সকল প্রকার ঋণস্থিতি সুরক্ষা তহবিল- সাধারণ থেকে সমন্বয় করা হয়। উল্লেখ্য যে, পুরুষ সদস্যের স্ত্রী বা অভিভাবক মারা গেলে সে ক্ষেত্রে উক্ত ঋণ সুরক্ষা তহবিল এর আওতামুক্ত থাকবে।

২) ঋণ গ্রহীতা অথবা তার স্বামী (পুরুষ সদস্যের ক্ষেত্রে শুধু মাত্র সদস্য নিজে এ সুবিধার আওতাভুক্ত) মধ্যে যে কোন একজনের মৃত্যুতে তাদের দাফন কাফন বা শেষকৃত্যানুষ্ঠানের জন্য নগদে ৫,০০০(পাঁচ হাজার) টাকা সুরক্ষা তহবিল থেকে সুবিধা প্রদান করা হয়। উল্লেখ্য যে, কোন সদস্য বা সদস্য পরিবার এ সুবিধা গ্রহন নাও করতে পারে।

৩) এসিড দগ্ধের কারণে কোন ঋণী সদস্য বা তার খানাভুক্ত কেউ শারিরীকভাবে ক্ষতিগ্রস্থ হলে তার নিকট প্রাপ্য ঋণ সুরক্ষা তহবিল- সাধারণ থেকে সমন্বয় পূর্বক ঋণ পরিশোধ করা হবে এবং চিকিৎসা বাবদ নগদে ৫,০০০ (পাঁচ হাজার) টাকা সুবিধা প্রদান করা যাবে।

৪) অগ্নীদাহে সদস্যর বাড়ীঘর ও ব্যবসা প্রতিষ্ঠান পুড়ে ক্ষতিগ্রস্থ হলে অথবা ঋণ গ্রহীতা অথবা তার স্বামী অগ্নীদাহে মারাত্নকভাবে ক্ষতিগ্রস্থ (শারিরীক) হলে, ক্ষতিগ্রস্থ পরিবারকে ঋণের দায় থেকে মুক্ত করার জন্য তার নিকট প্রাপ্য ঋণ সুরক্ষা তহবিল- সাধারণ থেকে সমন্বয় করাসহ চিকিৎসা বাবদ নগদে ৫,০০০ (পাঁচ হাজার) টাকা প্রদান করা যাবে।

৫) নদী ভাঙ্গনের কারণে সদস্যর বাড়ীঘর ও ব্যবসা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্থ হয়ে ঋণ গ্রহীতা পরিবার মারাত্নকভাবে ক্ষতিগ্রস্থ হলে এবং ঋণ পরিশোধের স্বক্ষমতা হারালে, ক্ষতিগ্রস্থ পরিবারকে ঋণের দায়

Md. Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)

সভাপতি
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

থেকে মুক্ত করার জন্য তার নিকট প্রাপ্য ঋণ কর্তৃপক্ষের বিশেষ বিবেচনায় সুরক্ষা তহবিল-সাধারণ থেকে সমন্বয় পূর্বক পরিশোধ করা যাবে।

৬) প্রাকৃতিক দূর্যোগ, মানুষ্যসৃষ্ট দূর্যোগ বা অন্য কোন কারণে সংস্থা থেকে গৃহীত ঋণ দ্বারা সৃষ্ট প্রকল্প মারাত্বকভাবে ক্ষতিগ্রস্থ হয়ে ঋণ গ্রহীতা পরিবার আর্থিক ভাবে দেউলিয়া হলে ক্ষতিগ্রস্থ পরিবারকে ঋণের দায় থেকে মুক্ত করার জন্য তার নিকট প্রাপ্য ঋণ কর্তৃপক্ষের বিশেষ বিবেচনায় সুরক্ষা তহবিল- সাধারণ থেকে সমন্বয় পূর্বক পরিশোধ করা যাবে।

৭) ঋণ গ্রহীতা বা তার স্বামী সড়ক দূর্ঘটনাসহ অন্যান্য দূর্ঘটনায় বা জটিল রোগে আক্রান্ত হয়ে কর্মক্ষমতা হারালে এবং উক্ত পরিবারের ঋণ পরিশোধের স্বক্ষমতা না থাকলে ক্ষতিগ্রস্থ পরিবারকে ঋণের দায় থেকে মুক্ত করার জন্য তার নিকট প্রাপ্য ঋণ কর্তৃপক্ষের বিশেষ বিবেচনায় সুরক্ষা তহবিল- সাধারণ থেকে সমন্বয় পূর্বক পরিশোধ করা যাবে।

৮) একই সদস্য যদি গবাদিপ্রাণি ও সাধারণ খাত থেকে পৃথক ২টি ঋণ গ্রহন করে থাকে, সে ক্ষেত্রে সদস্য বা সদস্যের স্বামী মারা গেলে সমুদ্বয় সুবিধা সুরক্ষা তহবিল- সাধারণ থেকে প্রদান করতে হবে।

৯) স্থায়ীভাবে দেশ ত্যাগের ক্ষেত্রে সুরক্ষা তহবিল থেকে সুবিধা প্রদানের ক্ষেত্রে উক্ত ঋণ মেয়াদ উত্তীর্ণ হওয়ার আগ পর্যন্ত পর্যবেক্ষণে রাখতে হবে অর্থাৎ মেয়াদ উত্তীর্ণ হওয়ার আগে এ ঋণ সমন্বয় করা যাবে না ।

## ১.৫ সুরক্ষা তহবিল- গবাদিপ্রাণি সুবিধা সমূহ :

১) সংস্থার যে কোন খাত থেকে গবাদিপ্রাণি (গরু হৃষ্টপুষ্টকরণ, গাভী পালন, মাহিষ পালন, ছাগল পালন, ভেড়া পালন ইত্যাদি) খাতে ঋণ নিয়ে প্রাণি ক্রয় পূর্বক রশিদ/ হাসিল জমা দিলে সুরক্ষা তহবিল- গবাদিপ্রাণি খাতের সুবিধার আওতায় আসবে।

২) সংস্থা থেকে গ্রহনকৃত ঋণ দ্বারা ক্রয়কৃত গবাদিপ্রাণির (ষাড় গরু, গাভী, মাহিষ, ছাগল, পাঠা, ভেড়া ইত্যাদি) মৃত্যু হলে ক্রয়মূল্য যদি ঋণের চেয়ে কম হয় সে ক্ষেত্রে প্রকৃত ক্রয়মূল্য অথবা ক্রয় মূল্য যদি ঋণের চেয়ে বেশী হয় সে ক্ষেত্রে গ্রহনকৃত ঋণ সার্ভিস চার্জসহ সুরক্ষা তহবিল- প্রাণিসম্পদ খাত থেকে সমন্বয় হবে।

৩) প্রাণির মৃত্যু জনিত কারণে সুরক্ষা তহবিল-প্রাণিসম্পদ থেকে ঋণ সমন্বয় না করে সুরক্ষা তহবিলের অর্থ দ্বারা নতুন ভাবে গবাদিপ্রাণি ক্রয় করতে সদস্যদের উৎসাহিত করতে হবে। উল্লেখ্য যে, সেক্ষেত্রে নির্দিষ্ট মেয়াদান্তে ঋণের টাকা প্রদত্ত নিয়মে সার্ভিস চার্জ সহ আদায় করতে হবে ।

৪) একই সদস্য যদি গবাদিপ্রাণি ও সাধারণ খাত থেকে পৃথক ২টি ঋণ গ্রহন করে থাকে, সে ক্ষেত্রে গবাদিপ্রাণি মারা গেলে সুরক্ষা তহবিল- প্রাণিসম্পদ থেকে প্রদান করতে হবে।

## ১.৪ সুরক্ষা তহবিলের সুবিধা প্রদান পদ্ধতি :

১) সকল প্রকার সুরক্ষা তহবিল প্রদানের আবেদন সর্বোচ্চ ৩০ কর্ম দিবসের মধ্যে নিস্পত্তি করতে হবে। তবে সুরক্ষা তহবিল এর আওতাভুক্ত কারো মৃত্যু সম্পর্কে সুনিশ্চিত হলে দাফন কাফন বা শেষকৃত্যানুষ্ঠানের জন্য নির্ধারিত ৫,০০০ (পাঁচ হাজার) টাকা যত দ্রুত সম্ভব গ্রহীতা বা তার নমিনীর নিকট পৌছে দিতে হবে। এ ক্ষেত্রে সুরক্ষা তহবিল আবেদনের জন্য অপেক্ষা করার প্রয়োজন হবে না। নমিনীর প্রাপ্তি স্বীকার পত্র গ্রহনসহ, প্রাপ্তি স্বীকার পত্রে সমিতির পক্ষে কমপক্ষে ১ জন জৈষ্ঠ্য সদস্যের স্বাক্ষর গ্রহন করতে হবে এবং পরবর্তী সমিতির সভায় রেজুলেশন করতে হবে। নগদ অর্থ দ্বারা কোন ভাবেই ঋণ সমন্বয়/আদায় করা যাবে না।

Md. Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)

সভাপতি
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

২) সংশ্লিষ্ট ক্রেডিট অফিসার ঋণ গ্রহীতা অথবা তার স্বামীর মৃত্যুর পর বা নীতিমালায় উল্লেখিত কারণে ক্ষতিগ্রস্থের পর সদস্য/সদস্যার উত্তরাধিকারী কর্তৃক ঋণ মওকুফের আবেদন প্রয়োজনীয় সুপারিশসহ শাখা ব্যবস্থাপকের নিকট পেশ করবেন।

৩) শাখা ব্যবস্থাপক ও সংশ্লিষ্ট এরিয়া ম্যানেজার সরেজমিনে যাচাই পূর্বক ঋণ মওকুফ/ সুরক্ষা তহবিল থেকে সুবিধা প্রদানের ক্ষেত্রে ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা পর্যন্ত এরিয়া ম্যানেজার অনুমোদন করবেন।

৭) শাখা ব্যবস্থাপক ও সংশ্লিষ্ট এরিয়া ম্যানেজারের সুপারিশের ভিত্তিতে জোন প্রধান ৫০,০০০ (পঁঞ্চাশ হাজার) টাকা এবং ৫০,০০০ (পঁঞ্চাশ হাজার) টাকার উর্দ্ধে সুরক্ষা তহবিলের আবেদন অনুমোদন করবেন পরিচালক (এম.এফ)।

৮) শাখার হিসাব রক্ষক প্রয়োজনীয় ভাউচার প্রস্তুত করে সুরক্ষা তহবিল হতে অর্থ উত্তোলন পূর্বক বা জার্নাল ভাউচারের মাধ্যমে হিসাব নিষ্পত্তি করবেন।

৯) যথাযথভাবে ঋণ সমন্বয় ও সুরক্ষা তহবিল থেকে সুবিধা প্রদান সম্পন্ন হয়েছে কিনা তা শাখা ব্যবস্থাপক নিশ্চিত করবেন।

১০) সুরক্ষা তহবিল হিসাব সংরক্ষণের জন্য শাখা ভিত্তিক সুরক্ষা তহবিল ফেরত রেজিষ্টার( সুরক্ষা তহবিল-সাধারণ ও সুরক্ষা তহবিল প্রাণিসম্পদ) রাখতে হবে, এ রেজিষ্টারে ক্রমপুঞ্জিভুত ফেরতের তথ্য থাকবে।

১১) সুরক্ষা তহবিলের আবেদন পত্রের (অনুমোদিত) মূল কপি সুরক্ষা তহবিল নিষ্পতি ফাইলে এবং ফটোকপি ভাউচারের সাথে সংরক্ষণ করতে হবে।

১২) সুরক্ষা তহবিল ঋণ গ্রহীতাদের জন্য আবশ্যিক হিসাবে বিবেচিত হবে।

১৩) নিষ্পত্তিকৃত সুরক্ষা তহবিল নিরীক্ষা বিভাগ কর্তৃক নিরীক্ষা করতে হবে।

১৪) এই নীতিমালা প্রবর্তিত হওয়ার পর **"ঝুঁকি নিরসন তহবিল"** সংক্রান্ত পূর্বের জারিকৃত সকল প্রকার নীতিমালা বা নির্দেশনা বাতিল বলে গন্য হবে।

১৫) এই নীতিমালা ০১/০৭/২০১৯ খ্রিঃ থেকে যথারীতি কার্যকর হবে।

১৬) এ নীতিমালার কোন ক্ষেত্রে অস্পষ্টতা দেখা দিলে সংস্থার ঋণ সহায়তা কর্মসূচির প্রধান ও তদুর্দ্ধ কর্মকর্তাগণের ব্যাখ্যা চুড়ান্ত বলে বিবেচিত হবে। প্রয়োজনে সংস্থার ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এ নীতিমালার পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন/ সংযোজন/বিয়োজন করতে পারবে।

Md. Alauddin Khan
Executive Director
National Development Programme (NDP)

সভাপতি
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

# ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি)

## ঋণ সহায়তা কর্মসূচী

-------------------------- শাখা

**সুরক্ষা তহবিল থেকে সুবিধা পাবার আবেদন।**

**১। আবেদনকারীর তথ্যাবলি :**

ক) নাম: ----------------------------------পিতা/স্বামীর নাম: ------------------------- সদস্যার সাথে সম্পর্ক -----------

খ) সমিতির নাম : ------------------------------------------- গ) সমিতি নং ------------- ঘ) সদস্য নং ------------------

ঙ) গ্রাম:---------------------- চ) ইউনিয়ন:------------------ছ) উপজেলা: ---------------- জ) জেলা: -----------------

**২। মৃত (মানুষ ও প্রাণি)/ দূর্ঘটনা/ অন্যান্য ক্ষয়ক্ষতি সংক্রান্ত তথ্যাবলী :**

ক) মৃত ব্যক্তির নাম (মানুষের ক্ষেত্রে): ------------------------------ সদস্যার সাথে সম্পর্ক :------------ ,বয়স:-----------

খ) মৃত/ দূর্ঘটনা/ অন্যান্য ক্ষয়ক্ষতি তারিখ: ---------------- গ) মৃত/ দূর্ঘটনা/ অন্যান্য ক্ষয়ক্ষতি বিস্তারিত বিবরণ: --------------

---------------------------------------------------------------------------------------------------------------------

**৩। ঋণ ও সঞ্চয়ের তথ্যাবলী:**

| ঋণের খাত | ভর্তির তারিখ | ঋণ গ্রহণের তারিখ | প্রদানকৃত ঋণ (সাঃ সহ) | পরিশোধিত ঋণ (সাঃ সহ) | বর্তমান ঋণ স্থিতি (সাঃ সহ) | নগদ সুবিধা প্রদান | সঞ্চয় স্থিতি |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |
| | মোট : | | | | | | |

মন্তব্য: প্রযোজ্য ক্ষেত্রে সার্ভিস চার্জ রিবেট দিতে হবে ।

৪) আমি নিম্ন স্বাক্ষরকারী আমার স্ত্রী/ অভিভাবকের মৃত্যু জনিত কারণে অথবা---------------------কারণে সংস্থার বিধি অনুযায়ী সুরক্ষা তহবিল থেকে সুবিধা পাওয়ার জন্য আবেদন করছি।

আবেদনকারীর স্বাক্ষর: ---------------------------------- সমিতির সভানেত্রীর স্বাক্ষর :---------------------------------------

৫। আবেদনকৃত তথ্যসমূহ সঠিক প্রমানিত হওয়ায় সুরক্ষা তহবিল হতে -------------(কথায়--------------------------) টাকা উত্তরাধিকারীকে প্রদানের জন্য সুপারিশ করছি।

ক্রেডিট অফিসারের স্বাক্ষর :
নাম: -------------------------------

৬। আবেদনকৃত তথ্যসমূহ সঠিক প্রমানিত হওয়ায় সুরক্ষা তহবিল হতে ---------------(কথায় -------------------------) টাকা উত্তরাধিকারীকে প্রদানের জন্য সুপারিশ করছি।

শাখা ব্যবস্থাপকের স্বাক্ষর (সীলসহ):
নাম: ----------------------------

৭। এরিয়া ম্যানেজার মন্তব্যসহ স্বাক্ষর(সীলসহ: -----------------------------------------------------------------

৮। জোন প্রধানের মন্তব্যসহ স্বাক্ষর (সীলসহ :-------------------------------------------------------------

৯। অনুমোদনকারীর স্বাক্ষর (সীলসহ): ---------------------------------------------------------------------

---

আমি নিম্ন স্বাক্ষরকারী অদ্য -------------তারিখ সুরক্ষা তহবিল বাবদ( নগদ/ঋণ সমন্বয়)--------------- টাকা বুঝিয়া পাইলাম।

প্রদানকারীর স্বাক্ষর ও সীল : ------------------ গ্রহণকারীর স্বাক্ষর: -----------------------